যুগান্তর

JUL 01 2002

# কর্তৃপক্ষের গাফিলতি : খাগড়াছড়িতে এ বছর একটি মাত্র স্কুল এমপিওভুক্ত হয়েছে

খাগড়াছড়ি প্রতিনিধি

জেলার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গাফিলতি আর শিক্ষা মন্ত্রণালয়ের অবাস্তব সিদ্ধান্তের কারণে এ বছর জেলার একটি মাত্র নিম্নমাধ্যমিক বিদ্যালয় ছাড়া আর কোন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হয়নি। এবারের একমাত্র এমপিওভুক্ত বিদ্যালয়টি হচ্ছে মহালছড়ি বৌদ্ধ মিশন। একটি সূত্রে জানা গেছে, নিয়ম মোতাবেক প্রতি বছর এমপিওভুক্তির জন্য জেলা পর্যায় থেকে স্থানীয় সংসদ সদস্যের পরামর্শক্রমে অগ্রাধিকার ভিত্তিতে অধিকতর উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একটি নামের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এই তালিকা থেকে কমপক্ষে পাঁচ-ছয়টি শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ, মাদ্রাসা, অনাথ আশ্রম, হাই স্কুল ও জুনিয়র হাই স্কুল) এমপিওভুক্ত হওয়ার কথা। জেলা শিক্ষা অফিস সূত্র জানিয়েছে, এ বছর এমপিওভুক্তির জন্য তারা সদর উপজেলার মিউনিসিপ্যাল মডেল হাই স্কুল, কমলছড়ি জুনিয়র হাই স্কুল, পানছড়ি নালকাটা জুনিয়র হাই স্কুল, মানিকছড়ি ডাইনছড়ি জুনিয়র হাই স্কুল, মহালছড়ি বৌদ্ধ মিশন, মাটিরাঙ্গার খেদাছড়া জুনিয়র হাই স্কুলের নাম প্রস্তাব করেছিল। লক্ষ্মীছড়ি এবং রামগড়ের কোন প্রতিষ্ঠানের নাম প্রস্তাবনায় ছিল না বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের মহাপরিচালকের দফতর (ব্যানবেইজ) থেকে সম্প্রতি এমপিওভুক্তির একটি তালিকা প্রেরণ করা হয়। এ তালিকায় মহালছড়ি নিম্নমাধ্যমিক বিদ্যালয়, পানছড়ি উচ্চ বিদ্যালয়, পানছড়ি কলেজ, মাটিরাঙ্গা [illegible] ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দীঘিনালা বণিক নগর মোহাম্মদিয়া হাফেজিয়া মাদ্রাসাসহ মোট পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। প্রেরিত এ তালিকার মধ্যে একমাত্র মহালছড়ি বৌদ্ধ মিশনটি ছাড়া এর সবক'টি শিক্ষা প্রতিষ্ঠান অনেক আগেই এমপিওভুক্ত। এমনকি এ তালিকায় একটি ছাড়া অন্তর্ভুক্ত অন্য প্রতিষ্ঠানগুলোর নাম জেলা শিক্ষা অফিসের প্রস্তাবনায় পর্যন্ত ছিল না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এমন খামখেয়ালীপনায় বাংলাদেশ শিক্ষক সমিতি এবং বিভিন্ন মহল উদ্বেগ প্রকাশ করেছে। তারা জানান, জেলার এক ডজনেরও অধিক নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের দেড় শতাধিক শিক্ষক-কর্মচারী সম্পূর্ণ সরকারি অনুদান ছাড়া শিক্ষার্থীদের পাঠদান করে আসছেন। বছরের পর বছর অনগ্রসর এ জেলার অনুন্নত জনপদে শিক্ষা বিস্তারে তারা নিবেদিত রয়েছেন। কিন্তু কর্তৃপক্ষ এ ধরনের অমানবিক সিদ্ধান্ত নেয়ায় জেলার সর্বস্তরের শিক্ষক-কর্মচারী হতাশ হয়ে পড়েছেন। তারা এ তালিকা সংশোধন ও নতুন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বাছাই করে এমপিওভুক্ত করার জন্য দ্রুত পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছেন।